

## পছন্দের প্যাথলজি

-কেন আমার ডাক্তার একটি নির্দিষ্ট প্যাথলজি ল্যাভে আমার পরীক্ষাগুলি করাতে দিলেন?

- তার আগে আমি আপনাকে প্রশ্ন করি "কেন আপনি এত ডাক্তার থাকতে একজন নির্দিষ্ট ডাক্তার পছন্দ করলেন?" ডাক্তারের জ্ঞানের পরিমাণ, ডিগ্রীর মান ও পরিমাণ, অভিজ্ঞতা, ভিজিটের পরিমাণ ইত্যাদি বিবেচনা করে আপনি ডাক্তার নির্বাচন করে থাকেন।

তদ্রূপ, আপনার ডাক্তারও প্যাথলজি ল্যাভের প্যাথলজি বিশেষজ্ঞের জ্ঞানের পরিমাণ, ডিগ্রীর মান ও পরিমাণ, অভিজ্ঞতা, চার্জের পরিমাণ ইত্যাদি বিবেচনা করে ল্যাভ নির্বাচন করে পরীক্ষার জন্য রেফার্ড করে থাকেন। কেউ কেউ এর মধ্যে কমিশনের ঘন্টা খোঁজেন।

আপনার রাইট আছে আপনার পছন্দের ল্যাভ থেকে পরীক্ষাগুলি করিয়ে আনতে। মনে রাখবেন ডাক্তার দেখিয়েছেন বিশেষজ্ঞ দেখে অথচ প্যাথলজি পরীক্ষাগুলি করিয়েছেন সাধারণ ল্যাভে। সেক্ষেত্রে আপনার কন্সল্টেশন ভাল হলো না। চিকিৎসাও বিশেষজ্ঞ মানের হবে না। বিশেষজ্ঞ ডাক্তার দেখালে বিশেষজ্ঞ প্যাথলজিস্ট দিয়েই পরীক্ষা করাবেন।

পান্তাভাতে মরিচ পিয়াজ মানায়। পোলাও খেলে রোষ্ট দিয়েই খাবেন।

=====

ডাঃ সাদেকুল ইসলাম তালুকদার

ফেইসবুক পোস্ট

জনসচেতনতা

৩০/৫/২০১৭